



গ্রিন ইউনিভার্সিটির সমাবর্তনে এক কৃতী ছাত্রীকে পদক পরিয়ে দিচ্ছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ • ছবি : সংগৃহীত

গ্রিন ইউনিভার্সিটির  
সমাবর্তনে শিক্ষামন্ত্রী  
বাড়তি ফি আদায়কারী  
বিশ্ববিদ্যালয়কে  
সংযত হতে হবে

লাগামহীন ভর্তি ও টিউশন ফি আদায়কারী বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে সংযত হওয়ার আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শিক্ষামন্ত্রী দেশের বাস্তবতা ও জনগণের আর্থসামাজিক অবস্থা বিবেচনা করে ভর্তি, টিউশন ফিসহ সব ব্যয় একটি নির্ধারিত সীমায় রাখতে বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষগুলোকে অনুরোধ করেন।

গতকাল বুধবার গ্রিন ইউনিভার্সিটির তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়সমূহের আচার্যের প্রতিনিধি হিসেবে বক্তৃতার সময় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সমাবর্তনে বিভিন্ন বিভাগের ১ হাজার ৪৬১ জন শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। এর মধ্যে ৬ জন চ্যালেঞ্জর ও ১০ জন শিক্ষার্থী ভাইস-চ্যান্সেলর স্বর্ণপদক লাভ করেন। নুরুল ইসলাম বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনো তাদের ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি। এভাবে তারা বেশি দিন চলতে পারবে না। যারা মুনাফার লক্ষ্য নিয়ে চলতে চায়, যারা নিজস্ব ক্যাম্পাসে এখনো যায়নি এবং একাধিক ক্যাম্পাসে পাঠদান পরিচালনা করছে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ ছাড়া আর কোনো পথ খোলা নেই।

সমাবর্তন বক্তা অর্থনীতিবিদ কাজী খলীফুজ্জামান আহমদ বলেন, 'সমাবর্তনের মাধ্যমে গ্যাজুয়েশন শেষ করছে মাত্র তাকে ছাত্রজীবন বা শিক্ষাজীবন শেষ নয়। এর মাধ্যমে শিক্ষাজীবনের নতুন আরেকটি অধ্যায়ে পা রাখতে হচ্ছে। যেখানে বইয়ের পাশাপাশি কর্মজীবন-কর্মস্থল ও প্রকৃতি থেকে শিক্ষা নেবে।' বিজ্ঞপ্তি